

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


প্রেস বিজ্ঞপ্তি

সময়ানুযায়ী উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালকদের কড়া নির্দেশ মৎস্য ও প্রাণিসম্পদ
প্রতিমন্ত্রীর

ঢাকা, ২৭ জানুয়ারি ২০২০

সময়ানুযায়ী উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালকদের কড়া নির্দেশ দিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ
প্রতিমন্ত্রী মো: আশরাফ আলী খান খসরু, এমপি। প্রতিমন্ত্রী প্রকল্প পরিচালকদের উদ্দেশ্যে বলেন, উন্নয়ন
প্রকল্পসমূহের কোন কাজ যাতে অসম্পন্ন না থাকে এবং কোন টাকা যেন ফেরত না দিতে হয় সেভাবে গুরুত্ব দিয়ে
কাজ করুন। প্রতিমন্ত্রী আজ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহের
ডিসেম্বর/২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় এসব কথা বলেন। প্রাণিসম্পদের উন্নয়ন এবং প্রাণিজ
আমিষ নিশ্চিতকরণে আরও বেশী ও বড় প্রকল্প নেয়ারও আহ্বান জানান মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী।

চলতি ২০১৯-২০ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ৩৮টি প্রকল্প বাস্তবায়ন করছে। এসব প্রকল্পসমূহের
অনুকূলে মোট বরাদ্দ রয়েছে ১৬২৬ কোটি টাকা, যার মধ্যে জিওবির ৭৬০ কোটি এবং প্রকল্প সাহায্য হিসেবে
৮৬৬ কোটি টাকা রয়েছে। ডিসেম্বর/২০১৯ পর্যন্ত প্রকল্পগুলোর বাস্তবায়নের গড় অগ্রগতি ১৭.৬১% যেখানে জাতীয়
গড় অগ্রগতি ২৬.৩৭%। এ পর্যালোচনা সভায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব রওনক মাহমুদ, অতিরিক্ত
সচিব (প্রাণিসম্পদ-২) কাজী ওয়াছি উদ্দিন এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবদুল জব্বার
শিকদারসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালকগণ উপস্থিত ছিলেন।


২৭/০১/২০২০

মো. কামরুল ইসলাম ভূইয়া

তথ্য অফিসার

মোবাইল: ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯